



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd



স্মারক নং-৭জি-৩৭৪(ক-৩)/২০০৫(অংশ-১) / 289/8

তারিখ:

২৫/১০/১৪২৭ বঙ্গাব্দ:
০৮/০২/২০২১ খ্রিস্টাব্দ

বিষয় : শ্যামনগর আতরজান মহিলা মহাবিদ্যালয়ের অধ্যক্ষ নিয়োগে মহাপরিচালকের প্রতিনিধি মনোনয়ন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শ্যামনগর আতরজান মহিলা মহাবিদ্যালয়ের অধ্যক্ষ নিয়োগে মহাপরিচালকের প্রতিনিধি মনোনয়ন দেয়ার জন্য আবেদন করেন।

আবেদনের বর্ণনা: “শ্যামনগর আতরজান মহিলা মহাবিদ্যালয়ের প্রতিষ্ঠাতা ও বর্তমান গভর্ণিং বডিতে সভাপতি হয়েছি। আমার বড় ভাই জনাব এ.কে. ফজলুল হক, মুক্তিযুদ্ধের সংগঠক, প্রাক্তন এমপিএ, এমসিএ সাবেক সংসদ সদস্য। বঙ্গবন্ধুর রাজনৈতিক সহচর, বর্তমান জেলা আওয়ামীলীগের ১নং সহ সভাপতি ও অত্র মহাবিদ্যালয়ের দাতা সদস্য। আমার ভাতিজা এস এম আতাউল হক দোলন বর্তমান চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্যামনগর এবং বার বার নির্বাচিত উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও জেলা আওয়ামীলীগের সদস্য। ১৯৯৪ সালে আমাদের মায়ের স্মৃতি রক্ষার্থে আমরা ৪০ বিঘা বিলান এবং ১০ বিঘা ক্যাম্পাস সংলগ্ন জমি দান করে মায়ের নামে মহাবিদ্যালয়টি প্রতিষ্ঠা করি। সেই থেকে মহাবিদ্যালয়টি অদ্যাবধি সুনামের সাথে প্রত্যন্ত অঞ্চলে নারী শিক্ষায় আলো ছড়িয়ে যাচ্ছে। বর্তমানে মহাবিদ্যালয়টিতে ৭০০(সাতশত) এর অধিক ছাত্রী রয়েছে। মহাবিদ্যালয়টি প্রতিষ্ঠালগ্ন থেকে আজও আমরা কোন ছাত্রীর নিকট থেকে একটি টাকাও বেতন দ্রুত করি না। ছাত্রীরা আমাদের কলেজে সম্পূর্ণ অবৈতনিকভাবে লেখাপড়া করে। এখানের বহু ছাত্রী উচ্চ শিক্ষা প্রাপ্তি করে দেশের গুরুত্বপূর্ণ পদে অধিষ্ঠিত আছে। ২০১৬ সালে জুন মাসে অধ্যক্ষ অবসরে যাওয়ার পর অধ্যক্ষ নিয়োগ করতে গিয়ে বিভিন্ন সমস্যার সম্মুখীন হই। সকল সমস্যা সমাধান করে সকল বিধি অনুসরণ করে ২২/১০/২০২০ খ্রিঃ তারিখে অধ্যক্ষ নিয়োগের বিজ্ঞাপ্তি দেই এবং ০৫/০১/২০২১ খ্রিঃ তারিখে অধ্যক্ষ নিয়োগ নির্বাচনী বোর্ড অনুষ্ঠানের তারিখ নির্ধারণ করি। ঐ দিন কে বা কাহারা মৌখিক অভিযোগের ভিত্তিতে আপনি মৌখিকভাবে নির্দেশ দিয়ে অধ্যক্ষ নিয়োগ বোর্ড স্থগিত করে দেয়। ইতোমধ্যে একজন ছাত্রী অভিভাবক এই নিয়োগের বিরুদ্ধে নিমেধুজ্ঞ চেয়ে সহকারি জজ আদালত সাতক্ষীরাতে মামলা দায়ের করেন। গত ০৭/০১/২০২১ খ্রিঃ তারিখে এই মামলার গুপ্তনাম হয়েছে এবং ১৩/০১/২০২১ খ্রিঃ তারিখে বিচারক মহোদয় বাদীর আবেদন না মঙ্গল করে রায় প্রদান করেছেন। মহাবিদ্যালয়টিতে দীর্ঘদিন যাবৎ অধ্যক্ষ না থাকার কারণে একাডেমিক ও প্রশাসনিক কাজে স্থিরতা দেখা দিয়েছে। প্রতিষ্ঠানটিতে এইচ এস সি, স্নাতক এবং এইচ এস সি (বিএম) এর পাবলিক পরীক্ষা কেন্দ্র আছে। এখানে অনার্স কোর্স ও চালু আছে। সে কারণে প্রতিষ্ঠানটিতে জরুরী অধ্যক্ষ নিয়োগ একান্ত প্রয়োজন।” শ্যামনগর আতরজান মহিলা মহাবিদ্যালয়ে অধ্যক্ষ নিয়োগের বিষয়ে মামলা সংক্রান্ত মতামতের জন্য নথিটি অত্র দপ্তরের আইন শাখায় প্রেরণ করা হয়। আইন শাখা মতামত দাখিল করেছে।

আইন শাখার মতামত: বর্ণিত কলেজে অধ্যক্ষ নিয়োগ প্রক্রিয়ায় কোন আইনগত বাঁধা নেই এবং অধ্যক্ষ নিয়োগের ক্ষেত্রে মহাপরিচালক এর প্রতিনিধি মনোনয়ন করতে পারেন।

এমতাবস্থায়, আইন শাখার মতামত অনুযায়ী শ্যামনগর আতরজান মহিলা মহাবিদ্যালয়ে অধ্যক্ষ নিয়োগের ক্ষেত্রে বিধি মোতাবেক মহাপরিচালক এর প্রতিনিধি মনোনয়ন কার্যক্রম পরিচালনার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

Atiqur Rahman
০৮/০২/২০২১
(মোঃ এনামুল হক হাওলাদার)

উপপরিচালক (কলেজ-২)
ফোন নং-৯৫৫৭৬৯১
ncollege@dshe.gov.bd

তারপ্রাপ্ত অধ্যক্ষ
শ্যামনগর আতরজান মহিলা মহাবিদ্যালয়
সাতক্ষীরা।

অনুলিপি:

- ১। পরিচালক, মাউশি, আঞ্চলিক কার্যালয়, খুলনা।
- ২। সভাপতি, পরিচালনা পরিষদ, শ্যামনগর আতরজান মহিলা মহাবিদ্যালয়, সাতক্ষীরা।
- ৩। জেলা শিক্ষা শিক্ষা অফিসার, সাতক্ষীরা (অধ্যক্ষ কর্তৃক পত্র প্রাপ্তির বিষয়টি নিশ্চিত করার অনুরোধসহ)।
- ৪। সংরক্ষণ নথি।